# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা-৩৫০৬

স্মারক নং- কু. বি./প্রকৌ/সিঁড়ি/২০২৪-২৫/৩৯০ তারিখ: ২০/০৫/২০২৫ ইং

**বিষয়: কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের দত্ত হল হতে কাজী নজরুল ইসলাম হলে যাওয়ার আর. সি. সি সিঁড়ি নির্মাণ"**
এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ আশন দলিল

প্রতি
[সম্ভাব্য দরপত্রদাতার নাম ও ঠিকানা লিখুন]

১। ইঞ্জি: এস. এম. শহিদুল হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। ইউনিট-রেটের/থোক দরের (অপ্রযোজ্যটি বিলুপ্ত করিতে হইবে) ভিত্তিতে কোটেশন আহ্বান করা হইল।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং কার্য সম্পাদনে (যদি কার্যাদেশ দেওয়া হয়) কোনো জামানত যেমন, কোটেশন জামানত (অর্থাৎ প্রচলিত অর্থে অগ্রিম মূল্য, দরপত্র জামানত) এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম বা ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ২৮.০৫.২০২৫ ইং বেলা ১২:০০ ঘটিকা বা ইহার পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত **কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের দত্ত হল হতে কাজী নজরুল ইসলাম হলে যাওয়ার আর. সি. সি সিঁড়ি নির্মাণ"** এর জন্য কোটেশন এবং ২৮.০৫.২০২৫ ইং বেলা ১২:৩০ ঘটিকা এর পূর্বে খোলা যাইবে না লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। নির্ধারিত বা উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবন্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী গ্রহণযোগ্য ও যৌক্তিক কারণে কোটেশন দাখিলের সময়সীমা অনধিক ১০ দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কার্য ও ভৌতসেবার পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (বিওকিউ) অনুযায়ী কোটেশন দাখিল করিতে হইবে।

১০। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম **৬০** দিনের জন্য সকল কোটেশন অবশ্যই বৈধ থাকিবে।

১১। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হইবে না।

১২। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক, ফি, লেভি এবং বিদ্যমান আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। উদ্ধৃত দর টাকায় উল্লেখ করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তী সময়ে মূল্য পরিশোধও টাকায় করিতে হইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৪। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ **ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN)** নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক সচ্ছলতার সনদসংক্রান্ত হালনাগাদ দলিলপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৫। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের উপর ভিত্তি করিয়া কোটেশন মূল্যায়ন করিবে এবং চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৬। একক দর ভিত্তিতে কোটেশন দাখিলের ক্ষেত্রে, একক দর বা মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর বা মূল্য প্রাধান্য পাইবে। কথায় ও সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে, কথায় লিখিত দর বা মূল্য প্রাধান্য পাইবে। থোক মূল্যের ভিত্তিতে কোটেশন মূল্য উদ্ধৃতির ক্ষেত্রে, যদি সংখ্যা ও কথার মধ্যে ব্যতিক্রম পাওয়া যায়, তাহা হইলে কথায় লিখিত মূল্য প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক গাণিতিক সংশোধনের ক্ষেত্রে, দরপত্রদাতা গাণিতিক সংশোধন গ্রহণে বাধ্য থাকিবে।

১৭। কার্য ও ভৌতসেবা সম্পাদন শুরুর তারিখ হইতে ৩০ দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

১৮। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০৭** দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করিবার জন্য কৃতকার্য দরপত্রদাতাকে আমন্ত্রণপত্র জারি করিতে হইবে। আমন্ত্রণপত্র জারি হইবার **১৪** দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করিতে হইবে।

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

**কোটেশন অনুরোধকারী কমকর্তার স্বাক্ষর**

Engr. S.M. Shahidur Hasan
Superintending Engineer
Comilla University

**বিতরণ:**

১. রেজিস্ট্রার, কু: বি: ।
২. পি এস টু ভিসি (মাননীয় ভিসি স্যারের সদয় অবগতির জন্য) ।
৩. পিএ টু প্রো ভিসি (মাননীয় প্রো ভিসি স্যারের সদয় অবগতির জন্য) ।
৪. পি এ টু ট্রেজারার (মাননীয় ট্রেজারার স্যারের সদয় অবগতির জন্য) ।
৫. সিনিয়ার প্রোগ্রামার-এর জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য।
৬. নোটিশ বোর্ড, কু.বি.।
৭. নোটিশ বোর্ড, বার্ড।
৮. নোটিশ বোর্ড, পলিটেকনিক্যাল ইনস্টিটিউট।
৯. অফিস কপি।

CamScanner